



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৮-১০-২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

'এএফসি অ-২০ ওমেস চ্যাম্পিয়নশীপ ২০২২ (কোয়ালিফায়ার্স)' এর খেলা আগামী ১৩ হতে ২১ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত এবং 'এএফসি অ-১৭ ওমেস চ্যাম্পিয়নশীপ ২০২২ (কোয়ালিফায়ার্স)' এর খেলা আগামী ০৩ হতে ১১ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। উক্ত দু'টি প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর ও বাংলাদেশ সরকারের স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে (কোভিড-১৯ এর কারণে) ৩৩ জন বয়সভিত্তিক মহিলা জাতীয় ফুটবল খেলোয়াড়দের নিয়ে আবাসিক প্রশিক্ষণ ক্যাম্প অদ্য ৮ অক্টোবর ২০২০ তারিখ হতে মতিঝিলস্থ বাফুফে ভবনে শুরু হয়েছে।

উক্ত প্রশিক্ষণ ক্যাম্পে অংশগ্রহণের লক্ষ্যে ৩৩ জন বয়সভিত্তিক মহিলা জাতীয় ফুটবল খেলোয়াড় অদ্য ০৮-১০-২০২০ তারিখ বিকাল ৫:০০ ঘটিকায় প্রয়োজনীয় ক্রীড়া সরঞ্জামাদিসহ মতিঝিলস্থ বাফুফে ভবনে প্রধান প্রশিক্ষক জনাব গোলাম রব্বানী ছোটনের নিকট রিপোর্ট করেছে। পরবর্তীতে অন্যান্য খেলোয়াড়দেরও প্রশিক্ষণ ক্যাম্পে অংশগ্রহণের জন্য পর্যায়ক্রমে ডাকা হবে।

আহসান আহমেদ অমিত  
হেড অব মিডিয়া  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।